

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা



Website : www.bb.org.bd

সাকুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১২-২৩

আশ্বিন ৩০, ১৪১৯ বাং
তারিখ : -----
অক্টোবর ১৫, ২০১২ খ্রীঃ

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

জাল/জালিয়াতি প্রতিরোধে বাণিজ্যিক/শিল্প/ইভেন্টিং আমদানি
নিবন্ধন সনদপত্র (IRC) এর সঠিকতা যাচাইকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তরের ০২/১০/২০১২ তারিখের
২৬.০৩.১১০০.০০৪.০১.১০.১২/৮৫২ নম্বর পত্র অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অপর
পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০০৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং ২৬ ০৩ ১১০০ ০০৪ ০১ ১০ ১২ ১-২.২

তারিখঃ আশ্বিন ১৪১৯
০২ অক্টোবর ২০১২


বরাবর
বাবস্থাপনা পরিচালক

..... ব্যাংক লিমিটেড।

বিষয় : জাল/জালিয়াতি প্রতিরোধে বাণিজ্যিক/শিল্প/ইন্ডেস্টিং আমদানি নিবন্ধন সনদপত্র (IRC) এর সঠিকতা যাচাইকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে বাণিজ্যিক ব্যাংকগুলোতে এ অধিদপ্তরের পরিদর্শন টীম কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের বাণিজ্যিক/শিল্প/ইন্ডেস্টিং আমদানি নিবন্ধন সনদপত্র পরীক্ষা করে নিবন্ধন সনদপত্র নবায়নের ক্ষেত্রে বিভিন্ন ধরণের অনিয়ম এবং ভুয়া/জাল নিবন্ধন সনদপত্র দ্বারা ঋণপত্র প্রতিষ্ঠার ক্ষেত্রে অনিয়ম প্রত্যক্ষ করে। বাণিজ্যিক ব্যাংকগুলোতে উক্ত সনদপত্রের মাধ্যমে আমদানি/রপ্তানি/ইন্ডেস্টিং বাবসাময়িক কর্মকান্ড সম্পন্ন করার ফলশ্রুতিতে একদিকে যেমন সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান/তফসিলি বাণিজ্যিক ব্যাংক প্রত্যাভিত হচ্ছে অন্যদিকে সরকারও যথাযথ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। বিষয়টি এ দপ্তরের নজরে আসায় কতিপয় চক্র কর্তৃক একরূপ জাল/জালিয়াতির মাধ্যমে ভবিষ্যতে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান যাতে প্রত্যাভিত না হয় সে লক্ষ্যে সংশ্লিষ্ট নিবন্ধন সনদপত্র নবায়ন করার পূর্বে কিংবা বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ঋণপত্র প্রতিষ্ঠার পূর্বে অথবা বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের নিকট সংরক্ষিত নিবন্ধন সনদপত্রসমূহের সঠিকতা নিরূপনের লক্ষ্যে সকল তফসিলি বাণিজ্যিক ব্যাংকসমূহকে এ অধিদপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকল আঞ্চলিক দপ্তর হতে নিম্নরূপে উক্ত সনদপত্রের সঠিকতা যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ক) নিবন্ধন সনদপত্র যাচাইয়ের জন্য নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা বরাবরে নিবন্ধন সনদপত্র ও নবায়ন বইয়ের মূল কপি সহ আবেদন করতে হবে।
- খ) উক্তরূপে সংশ্লিষ্ট আমদানি ও রপ্তানি অধিদপ্তরের অফিসসমূহ কর্তৃক আবেদন পাওয়ার পর সিটিজেন চার্টার অনুসারে তিন কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদপত্র যাচাইপূর্বক সংশ্লিষ্ট আমদানিকারক/বাণিজ্যিক ব্যাংকের নিকট হস্তান্তর করা হবে।
- ২। উক্তরূপে নিবন্ধন সনদপত্র এ অধিদপ্তর হতে কোনরূপ যাচাই ব্যাতিরেকে নবায়ন/ঋণপত্র প্রতিষ্ঠা না করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।
- ৩। সরকারী রাজস্ব আয় সংশ্লিষ্ট বিধায় বিষয়টি অতীব জরুরী।


০২/১০/১২
(এম শামসুল আলম)
নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৪) সভাপতি, ডিসিসিআই, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৫) জনাব ফেবদৌস আরা বেগম, চীফ এক্সিকিউটিভ অফিসার, BUILD, ডিসিসিআই বিল্ডিং (৯ম ফ্লোর), ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।